

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম ( **Post-Graduate Degree Programme** )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( **Term End Examination** ) : ডিসেম্বর, ২০২৪

বাংলা ( **Bengali** )

পঞ্চম পত্র ( **5th Paper** )

**PRABANDHA SAHITYA O SHAILIBIGNAN**

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দ ) : ১৮ × ২ = ৩৬
- ক) রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর ‘সুখ না দুঃখ’ প্রবন্ধটির মধ্যে সুখের সংজ্ঞা, শ্রেণিকরণ ও সুখের সঙ্গে মানবজীবনের যে সম্পর্ক নির্দেশ করা হয়েছে, তা আলোচনা করুন।
- খ) উপন্যাসের ভাষা-আলোচনা উপন্যাসের শৈলী বিচারে কতটা প্রয়োজনীয় তা লিখুন।
- গ) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের ‘রূপকথা’ অবলম্বনে লেখকের মূল বক্তব্যটি সংক্ষেপে লিখুন।
- ঘ) বুদ্ধদেব বসুর ‘উত্তর তিরিশ’ রচনাটি কোন্ জাতীয় প্রবন্ধ, তা জানিয়ে, সেই ধরনের প্রবন্ধের লক্ষণগুলি আলোচনা করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দ ) : ১২ × ৩ = ৩৬
- ক) বঙ্কিমচন্দ্রের ‘সাম্য’ রচনাটি অবলম্বনে উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলার কৃষকদের অবস্থা ও তার কারণ আলোচনা করুন।
- খ) মানুষের সৌন্দর্যবুদ্ধির বিকাশ কীভাবে হয়েছে, রামেন্দ্রসুন্দরের প্রবন্ধ অনুসরণে তার পরিচয় দিন।

- গ) পাঠক্রমভুক্ত যে-কোনো একটি কবিতাংশের চার বা ছয় পঙ্ক্তি উদ্ধৃত করে তার শৈলী বিচার করুন।
- ঘ) ‘জাতি, সংস্কৃতি ও সাহিত্য’ প্রবন্ধে সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাঙালি সংস্কৃতির যে পর্যায়-বিবর্তন আলোচনা করেছেন, সেটির যৌক্তিকতা সম্পর্কে আপনার মতামত লিখুন।
- ঙ) ‘মোটیف’ ( Motif ) শব্দটির অর্থ বিচার করুন। ‘গল্পের গাঁটছড়া’ প্রবন্ধে সুকুমার সেন কোন্ কোন্ মোটিফ-এর মধ্যে সাদৃশ্য দেখিয়েছেন তা লিখুন।
- চ) ‘সংস্কৃতির সংজ্ঞা’ রচনাটিতে গোপাল হালদারের সংস্কৃতি সম্পর্কিত ধারণাটি প্রচলিত সংস্কৃতি ধারণা থেকে আলাদা — মন্তব্যটি বিচার করুন।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮
- ক) পরাগ মণ্ডল কে ? তার চরিত্রকে কেন্দ্র করে বঙ্কিমচন্দ্র কী বক্তব্য উপস্থাপন করতে চেয়েছিলেন ?
- খ) কৌতুক রসের সঙ্গে অসঙ্গতির সম্পর্ক কোথায় তা রবীন্দ্রনাথের প্রবন্ধ অনুসরণে ব্যাখ্যা করুন।
- গ) ‘স্টাইল’-এর বাংলা পরিভাষা কী হওয়া উচিত, ‘রীতি’ না ‘শৈলী’ - তা আলোচনা করুন।
- ঘ) যুক্তির গদ্য ও সৃষ্টির গদ্যের বিভাগকে কতদূর মানা যায়, তা আলোচনা করুন।
- ঙ) ‘ভেজাল ও নকল’ প্রবন্ধটির নামকরণের সার্থকতা বিচার করুন।
- চ) ‘রূপকথা’ বাস্তবজীবনের অপূর্ণতাকে কীভাবে পূর্ণ করে তোলে তা লেখকের মতানুযায়ী আলোচনা করুন।
- ছ) ‘সংস্কৃতির সংজ্ঞা’ প্রবন্ধে গোপাল হালদার সংস্কৃতির সংজ্ঞা নির্ণয় করেছেন দ্বন্দ্বমূলক বস্তুবাদের সাহায্যে - আলোচনা করুন।
- জ) কাজী আব্দুল ওদুদের মতে বাংলার রেনেসাঁস বিশ শতকের দ্বিতীয় দশকে বিপর্যস্ত হয় - এর কারণ সংক্ষেপে লিখুন।